# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সময় : দুপুর ০২:০০ থেকে দুপুর ০৩:০০ ঘটিকা পর্যন্ত

তারিখ : ০১/০২/২০২৩ খ্রিঃ

সভাপতি : সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় জুমের মাধ্যমে ২২/০১/২০২৩ এ কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় আলোচিত বিভিন্ন বিষয়সমূহ সভাকে অবহিত করেন এবং কতিপয় বিষয়ে ব্যাখ্যা করেন যার মধ্যে উল্লেখযোগ্য ছিল কেন্দ্রীয় দপ্তরে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের স্ব-মূল্যায়ন প্রতিবেদন এর ফীডব্যাক সভায় প্রাপ্ত ধন্যবাদ জ্ঞাপন এবং সেবা সপ্তাহ উদযাপন ইত্যাদি। তিনি জানান যে, ৩য় কোয়ার্টারে সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার সম্পর্কিত কোন প্রশিক্ষণ সিডিউলে নাই। ২য় ও শেষ প্রশিক্ষণটি মে ২০২৩ এ অনুষ্ঠিত হবে। ৩য় কোয়ার্টারে ফেব্রুয়ারি ২০২৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া ২৭-৩০ মার্চ ২০২৩ এ অত্র অফিসে সেবা সপ্তাহ অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, কেন্দ্রীয় দপ্তর হতে সেবা সপ্তাহ উদযাপন গাইডলাইন সংক্রান্ত পত্র প্রেরণ করা হবে। পরিশেষে ৩য় কোয়ার্টারের শুদ্ধাচার বিষয়ক লক্ষ্য অর্জনে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে ৩য় কোয়ার্টারেও সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। ২৭-৩০ মার্চ ২০২৩ সেবা সপ্তাহ অনুষ্ঠিত হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 01/02/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০২৯৯-৬৬৩৬৬৩৩

সংযুক্ত-ক

## ০১/০২/২০২৩ ইং তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 01/02/2023 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ০১/০২/২০২৩ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [signature] 01/02/2023 |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 01/02/2023 |